

সৃজনশীল বাংলাদেশ



জেলা শিল্পকলা একাডেমি, ময়মনসিংহ

www.Shilpakala.mymensingh.gov.bd

“জেলা শিল্পকলা একাডেমি সম্মাননা-২০২০ হতে ২০২৩” প্রদান অনুষ্ঠান

জেলা শিল্পকলা একাডেমি, ময়মনসিংহ এর আয়োজনে গত ২৮ জুলাই ২০২৩খ্রি. রোজ শুক্রবার বিকাল ৫.০০ ঘটিকায় আয়োজন করা হয় “জেলা শিল্পকলা একাডেমি সম্মাননা ২০২০-২০২৩” পদক প্রদান অনুষ্ঠান। সংস্কৃতির বিভিন্ন শাখায় বিশেষ অবদানের জন্য ১৭ জন আলোকিত সংস্কৃতজন ও ০৩টি আঞ্চলিক সৃজনশীল সাংস্কৃতিক সংগঠনকে ‘জেলা শিল্পকলা একাডেমি সম্মাননা-২০২০ - ২০২৩’ প্রদান করা হয়। ময়মনসিংহ জেলার সুযোগ্য জেলা প্রশাসক ও সভাপতি, জেলা শিল্পকলা একাডেমি, ময়মনসিংহ জনাব মোঃ মোস্তাফিজার রহমান এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব কে এম খালিদ, এমপি মহোদয়। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মনিরা সুলতানা মনি এমপি, জনাব মোঃ ইকরামুল হক টিটু, মেয়র, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, জনাব উম্মে সালামা তানজিয়া, বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, জনাব দেবদাস ভট্টাচার্য্য, বিপিএম, ডিআইজি, ময়মনসিংহ রেঞ্জ, ময়মনসিংহ, জনাব ইউসুফ খান পাঠান, চেয়ারম্যান, জেলা পরিষদ, ময়মনসিংহ, জনাব মাছুম আহাম্মদ ভূঞা, পুলিশ সুপার, ময়মনসিংহ, জনাব মোঃ এহতেশামুল আলম, সভাপতি, বাংলাদেশ আওয়ামী লীগ, ময়মনসিংহ জেলা, জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন বাবুল, সাধারণ সম্পাদক, বাংলাদেশ আওয়ামী লীগ, ময়মনসিংহ জেলা, জনাব মোঃ সারওয়ার জাহান, সদস্য, বাংলাদেশ শিল্পকলা একাডেমি পরিষদ, জনাব মোহিত-উর-রহমান শান্ত, মহানগর আওয়ামী লীগ, ময়মনসিংহ, জনাব জ্যোতিকা পাল জ্যোতি, পরিচালক, গবেষণা ও প্রকাশনা বিভাগ, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, ঢাকা। এছাড়া সরকারী উচ্চপদস্থ কর্মকর্তা ও সাংস্কৃতিক অঙ্গনের সংস্কৃতজনসহ আরও অনেকে উপস্থিত ছিলেন। সংস্কৃতির বিভিন্ন শাখায় বিশেষ অবদানের জন্য আলোকিত সংস্কৃতজন ও আঞ্চলিক সৃজনশীল সাংস্কৃতিক সংগঠনকে ‘জেলা শিল্পকলা একাডেমি সম্মাননা-২০২০ - ২০২৩’ প্রদান অনুষ্ঠানে সম্মাননাপ্রাপ্ত ১৭ জন গুণীব্যক্তি ও ০৩টি আঞ্চলিক সৃজনশীল সাংস্কৃতিক সংগঠনকে সম্মাননা অর্থ, উত্তরীয়, পদক, সার্টিফিকেট প্রদানসহ ফুলেল শুভেচ্ছা জানানো হয়। সম্মাননা অনুষ্ঠানে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানটি সার্বিকভাবে পরিচালনা করেন জনাব মোঃ আরজু পারভেজ, জেলা কালচারাল অফিসার, জেলা শিল্পকলা একাডেমি, ময়মনসিংহ। অনুষ্ঠানে উপস্থাপনা করেন জনাব তানজিন শিখা খান (দীপ শিখা) এবং জনাব সাইমুল হক।

যাঁদেরকে ঘিরে আয়োজন

“জেলা শিল্পকলা একাডেমি সম্মাননা-২০২০”		
ক্রঃ ন	সম্মাননার বিষয়	মনোনীত সম্মাননাপ্রাপ্ত গুণীজন ও সংগঠনের নাম
০১	কণ্ঠ সঙ্গীত	বাউল আব্দুল গফুর
০২	নাট্যকলা	জনাব মোঃ মোজাম্মেল হোসেন মুঞ্জু
০৩	চারুকলা	জনাব বাদল চক্রবর্তী
০৪	যন্ত্রসংগীত	জনাব নিরঞ্জন ভৌমিক
০৫	ফটোগ্রাফী	জনাব কিশোরময় ত্রিপুরা
“জেলা শিল্পকলা একাডেমি সম্মাননা-২০২১”		
ক্রঃ ন	সম্মাননার বিষয়	মনোনীত সম্মাননাপ্রাপ্ত গুণীজন ও সংগঠনের নাম
০১	কণ্ঠ সঙ্গীত	ওস্তাদ চয়ন সেন
০২	নাট্যকলা	জনাব মোঃ কামরুল ইসলাম বাচ্চু
০৩	যাত্রা	জনাব হাবিব সারোয়ার
০৪	আবৃত্তি	জনাব জয়দেব সাহা
০৫	আঞ্চলিক সৃজনশীল সাংস্কৃতিক সংগঠন	ময়মনসিংহ সাহিত্য সংসদ
“জেলা শিল্পকলা একাডেমি সম্মাননা-২০২২”		
ক্রঃ ন	সম্মাননার বিষয়	মনোনীত সম্মাননাপ্রাপ্ত গুণীজন ও সংগঠনের নাম
০১	কণ্ঠসঙ্গীত	১. ওস্তাদ মোফাজ্জল হোসেন বালা
০২	নাট্যকলা	১. জনাব বুলবুল আহমেদ
০৩	যাত্রা	১. জনাব মোঃ হাবিবুর রহমান
০৪	লোকসংস্কৃতি	১. জনাব মোঃ রেজাউল করিম
০৫	আঞ্চলিক সৃজনশীল সাংস্কৃতিক সংগঠন	১. ময়মনসিংহ লোককৃষ্টি সংস্থা
“জেলা শিল্পকলা একাডেমি সম্মাননা-২০২৩”		
ক্রঃ ন	সম্মাননার বিষয়	মনোনীত সম্মাননাপ্রাপ্ত গুণীজন ও সংগঠনের নাম
০১	কণ্ঠসঙ্গীত	১. জনাব বিজন কুমার তোপদার
০২	নাট্যকলা	১. জনাব শাহ মোহাম্মদ আলী আজহার
০৩	নৃত্যকলা	১. জনাব তাপস কুমার চক্রবর্তী
০৪	যন্ত্রসংগীত	১. জনাব নির্মল রবিদাস
০৫	আঞ্চলিক সৃজনশীল সাংস্কৃতিক সংগঠন	১. অনসাম্বল থিয়েটার

(মোঃ আরজু পারভেজ)

জেলা কালচারাল অফিসার

জেলা শিল্পকলা একাডেমি, ময়মনসিংহ।

☎ ০২৯৯৬৬-৬৭৫৯০

email: zillashilpakalamymensingh@gmail.com